

# যৌন হয়রানি রোধ করার আইন তথ্য-বিবরণী

কর্মস্থলে নিয়োগের সময়, মানবাধিকার আইনের অধীনে বিদ্যমান কর্মচারীর অধিকার সম্পর্কিত লিখিত বিজ্ঞপ্তি প্রত্যেক কর্মচারীকে পৃথকভাবে অবশ্যই প্রদান করতে হবে, প্রদর্শিত পোস্টার এবং তথ্য-পত্র উভয় আকারেই সকল কর্মচারীকে এসকল উপকরণ প্রত্যেক নিয়োগকর্তা সরবরাহ করবে। তথ্য-পত্রের সকল শর্তাবলী এই নথিটি পূরণ করে।

## NYC মানবাধিকার আইন

NYC মানবাধিকার আইন হলো জাতির জন্য অন্যতম সুদূর বৈষম্য-বিরুদ্ধ আইন, যা লিঙ্গের ভিত্তিতে সংঘটিত বৈষম্যের বিরুদ্ধে সকল ব্যক্তিকে নিরাপত্তা প্রদান করে, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে কর্মস্থল, বাড়ি, এবং জনসাধারণের জন্য উন্মুক্ত স্থান যেমন দোকান-পাট এবং রেস্টোরাঁয় যৌন হয়রানি। ইচ্ছাকৃতভাবে কোন ব্যক্তি এই আইন লঙ্ঘন করলে, লঙ্ঘনকারীকে সর্বোচ্চ \$250,000 মার্কিন ডলারের জরিমানা দিতে হতে পারে। এক্ষেত্রে কমিশন যৌন হয়রানির শিকার ব্যক্তির মানসিক দুর্দশার মূল্যায়ন করতে পারে এবং এ থেকে আরোগ্য লাভের উপায় প্রদান করতে পারে, সেই সাথে আইন লঙ্ঘনকারীকে প্রশিক্ষণ নিতে বাধ্য করতে পারে, এবং অন্যান্য আরোগ্যলাভের পদ্ধতি বাধ্যতামূলক করতে পারে, যেমন কমিউনিটি সার্ভিস।

## আইনের চোখে যৌন হয়রানি

যৌন হয়রানি লিঙ্গ-ভিত্তিক বৈষম্যেরই একটি রূপ, কোন ব্যক্তির লিঙ্গের কারণে তাকে উদ্দেশ্য করে অশালীন বা আপত্তিজনক কথা বলা এবং শারীরিকভাবে আপত্তিজনক আচরণ করাকেই যৌন হয়রানি বলা হয়।

## যৌন হয়রানির কিছু উদাহরণ

- কর্মচারী বা ক্রেতার শরীরে আপত্তিজনক এবং অনুচিতভাবে স্পর্শ করা
- কোন ব্যক্তি যৌন আবেদনে সাড়া না দিলে তাকে হুমকি দেওয়া বা কোন অনুচিত কাজে বাধ্য করা
- কোন ব্যক্তির চেহারা, শরীর, বা পোশাক-আশাকের ধরণ নিয়ে তাকে যৌন উস্কানিমূলক মন্তব্য করা
- যৌন আচরণ বা মঙ্গলের প্রস্তাব করে কোন ব্যক্তিকে পদোন্নতি বা অন্যান্য সুযোগ প্রদানের লোভ দেখানো
- কম্পিউটার, ই-মেইল, ফোন, বুলেটিন বোর্ড ইত্যাদিতে পর্নোগ্রাফিক ছবি, কার্টুন, বা দেয়াল লিখন প্রদর্শন করা
- লিঙ্গের ভিত্তিতে লিঙ্গ-বৈষম্যমূলক বা মর্যাদাহানিকর মন্তব্য করা

## আইনগতভাবে প্রতিশোধমূলক আচরণ সম্পূর্ণ নিষেধ

আপনি যদি কর্মস্থলে যৌন হয়রানির বিরুদ্ধে সোচ্চার হন তাহলে আপনার বিরুদ্ধে কোন নিয়োগকর্তা বা কর্মকর্তা যদি পদক্ষেপ নেয়

তবে তা আইনের লঙ্ঘন বলে বিবেচিত হবে। কোন ব্যক্তি যদি একটি অবৈধ বৈষম্যমূলক চর্চার বিরুদ্ধে কথা বলে, তবে NYC মানবাধিকার আইন অনুসারে কোন নিয়োগকর্তা বা কর্মকর্তা দ্বারা সে “ব্যক্তির বিরুদ্ধে যেকোন পদ্ধতিতে” প্রতিশোধমূলক বা বৈষম্যমূলক আচরণ করা সম্পূর্ণ নিষেধ। প্রতিশোধমূলক আচরণ প্রদর্শিত হতে পারে সরাসরি কোন কাজের মাধ্যমে, যেমন পদমর্যাদা হ্রাস করা বা চাকরিচ্যুত করা, কিংবা আরও সুক্ষ্ম আচরণ, যেমন কাজের চাপ বাড়িয়ে দেওয়া বা কোন অপছন্দনীয় বা অনাকাঙ্ক্ষিত এলাকায় স্থানান্তর করা। NYC মানবাধিকার আইন সবসময় প্রতিশোধমূলক আচরণের বিরুদ্ধে জনগণকে নিরাপত্তা দেয়, যেসকল ব্যক্তি সততার সাথে মনে করে যে তাদের কর্মকর্তার আচরণ অবৈধ, এমনকি তা যদি পরবর্তীতে ভুল বলে প্রমাণিত হয় তবুও।

## যৌন হয়রানির রিপোর্ট

আপনি যদি যৌন হয়রানির শিকার হন কিংবা এরকম কোন ঘটনার প্রত্যক্ষদর্শী হয়ে থাকেন তবে ম্যানেজারকে জানান, আপনার কর্মস্থলে সমস্যার কর্মকর্তাকে জানান, বা মানব সম্পদ বিভাগকে যত দ্রুত সম্ভব অবহিত করুন।

NYC মানবাধিকার কমিশনের কাছে যৌন হয়রানির রিপোর্ট করুন। কিভাবে অভিযোগ দায়ের করবেন বৈষম্যমূলক আচরণের রিপোর্ট করবেন তা জানতে কল করুন এই নাম্বারে 212-416-0197 বা ভিজিট করুন [NYC.gov/HumanRights](http://NYC.gov/HumanRights) আপনি বেনামী হিসেবেও অভিযোগ দায়ের করতে পারেন।

## স্টেট অ্যান্ড ফেডেরাল গভর্নমেন্ট রিসোর্সেস

যৌন হয়রানি স্টেট ও ফেডেরাল আইন অনুসারেও বেআইনি কাজ যেখানে সংবিধির সীমাবদ্ধতা পরিস্থিতি অনুসারে ভিন্ন হয়।

New York State Division of Human Rights-এর কাছে অভিযোগ দায়ের করতে হলে, অনুগ্রহ করে ডিভিশনের ওয়েবসাইট ভিজিট করুন [www.dhr.ny.gov](http://www.dhr.ny.gov)

U.S. Equal Employment Opportunity Commission (EEOC)-এর কাছে অভিযোগ দায়ের করতে, অনুগ্রহ করে EEOC-এর ওয়েবসাইট ভিজিট করুন [www.eeoc.gov](http://www.eeoc.gov)